

- ৮। (ক) উপযুক্ত উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে-কোনো দুটি) : ৫×২
মূর্খনীভবন, আদিষ্্বরলোপ, স্বরসঙ্গতি, লোকনিরুক্তি, সমাক্ষরলোপ।
অথবা, (খ) যে-কোনো পাঁচটি শব্দের ভাষাতাত্ত্বিক টীকা লেখো : ২×৫
দাম, ভাত, মাসি, আঠারো, ঝি, গাঙ, লাউ, আইবুড়ো, হাত, পিলে।

দ্বিতীয় পত্র — ২০১৩

পূর্ণমান—১০০

- ১। (ক) কলাবৃত্ত বা ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০
অথবা, (খ) সংজ্ঞা ও দৃষ্টান্তসহ পরিচয় দাও (যে-কোনো দুটি) : ৫×২
দল, কলা, পর্ব, যতিলোপ, সনেট।
- ২। যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি রচনা করো : ৫×২
(মাত্রা, পর্ব, পদ, লয় রীতি উল্লেখ করা আবশ্যিক)
- (ক) সত্য করে কহো মোরে হে বৈষ্ণব কবি,
কোথা তুমি পেয়েছিলে এই প্রেমচ্ছবি,
কোথা তুমি শিখেছিলে এই প্রেমগান
বিরহ-তাপিত। হেরি কাহার নয়ান,
রাধিকার অশ্রু-আঁখি পড়েছিল মনে।
- (খ) তুমি পথ হতে নেমে
যেখানে দাঁড়ালে
সেখানেই আছ থেমে
এই তৃণ, এই ধূলি — ওই তারা, ওই শশী-রবি,
তুমি ছবি, তুমি শুধু ছবি।
- (গ) তখন, গাহিতেছিল সে তরুশাখা' পরে সুললিত স্বরে পাপিয়া;
তখন, দুলিতেছিল সে তরুশাখা ধীরে প্রভাত সমীরে কাঁপিয়া।
- (ঘ) ও মঞ্জরী, ও মঞ্জরী, আমের মঞ্জরী,
আজ হৃদয় তোমার উদাস হয়ে পড়ছে কি বারি।
- (ঙ) প্রিয়, ফুল খেলবার দিন নয় অদ্য
এসে গেছে ধ্বংসের বার্তা।
দুর্যোগে পথ হয় হোক দুর্বোধ্য
চিনে নেবে যৌবন আত্মা।
- ৩। (ক) উপমা অলংকার কাকে বলে? এই অলংকারের বিবিধ প্রকারভেদের নামোল্লেখ করে যে-কোনো দুটি প্রকারের দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। ৪+৩+৮
অথবা, (খ) যে-কোনো তিনটি অলংকারের সংজ্ঞা ও দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো : ৫×৩
শ্লেষ, ব্যতিরেক, অর্থাস্তরন্যাস, বিরোধ, দৃষ্টান্ত।

৪। যে-কোনো দুটি অংশের অলংকার নির্ণয় করো :

৫×২

(ক) উড়িল কলম্বকুল অম্বর প্রদেশে।
(খ) ও ত আলো নয়, ও যে অমরার দীপ্ত আশীর্বাদ
ঝরিতেছে নিরবধি।

(গ) মনরে কৃষিকাজ জান না
এমন মানব-জমিন রইল পতিত
আবাদ করলে ফলতো সোনা।

(ঘ) কুকথায় পঞ্চমুখ কষ্ঠ ভরা বিষ।
কেবল আমার সনে দ্বন্দ্ব অহর্নিশ।।

(ঙ) কুহেলি গেল আকাশে আলো দিল যে পরকাশি
ধূর্জটির মুখের পানে পার্বতীর হাসি।

৫। (ক) পূর্বরাগের সংজ্ঞা দাও। এই পর্যায়ের পাঠ্যপদের কাব্যসৌন্দর্য বিশ্লেষণ
করো। ৪+৮

অথবা, (খ) বৈষ্ণব রসশাস্ত্র মতে মুখ্যরস কয়প্রকার ও কী কী? প্রত্যেকটি রসের
পরিচয় ও উদাহরণ দাও। ১+৩+৮

৬। (ক) 'রাতি কৈনু দিবস দিবস কৈনু রাতি
বুঝিতে নারিনু বন্ধু তোমার পিরীতি।'
কোন পর্যায়ের পদ? কবি কে? মর্মার্থ লেখো। ১+১+২

অথবা, (খ) 'অঙ্গদ-বলয়-তাড় আর যত অলঙ্কার
আর মণি-মুকুতার হার।

সকল খসায়্যা লহ আমরাে বিদায় দেহ
এ দুঃখে যমুনা হব পার।।'

কোন পর্যায়ের পদ? কবি কে? কে, কাকে এমন অনুযোগ করছে? ১+১+১+১

৭। (ক) 'কবি মুকুন্দের প্রতিভায় শ্রেষ্ঠ উপন্যাস রচয়িতার রসদৃষ্টি ছিল'
চণ্ডীমঙ্গল কাব্যের কালকেতু-ফুল্লরার উপাখ্যান অবলম্বন করে এই মন্তব্যের যাথার্থ্য
বিচার করো। ১৪

অথবা, (খ) চণ্ডীমঙ্গল কাব্যের 'চণ্ডীকে ফুল্লরার প্রশ্ন', 'চণ্ডীর প্রতি ফুল্লরার উপদেশ'
এবং 'ফুল্লরার বারোমাস্যা' অবলম্বনে ফুল্লরা চরিত্রের পরিচয় দাও। ১৪

৮। (ক) সুতপ্ত কাঞ্চ গৌর ভুবন লোচন চৌর
করঙ্গ-কৌপিন দণ্ডধারী।

নয়নে গলয়ে লোর গলে দোলে প্রেমডোর
সতত বোলেন হরি হরি।

— কেন্দ্র কাব্যের এবং কেন্দ্র শিবো নামের অন্তর্গত? তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৩

অথবা, (খ) 'কুসুম ভিতরে চণ্ডী পাতিলেন মায়া।

পলাশে রহিলা দারু পিপীলিকা হৈয়া।।'

— কোন্ শিরোনামের অন্তর্গত? তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৩

৯। (ক) আগমনী ও বিজয়া গানকে কেবলমাত্র ধর্মীয় গীতিকবিতা হিসাবে না দেখে, বাঙালির দৈনন্দিন জীবনে মা-মেয়ের সম্পর্কের বাস্তব ও স্পর্শকাতর জীবন-চিত্র বলাই অধিক সম্ভব। মন্তব্যটি আলোচনা করো। ১২

অথবা, (খ) তোমাদের পাঠ্য পদগুলি অবলম্বনে কমলাকান্ত ভট্টাচার্যের কবিপ্রতিভার পরিচয় দাও। ১২

১০। (ক) 'কামিনী করিল বিধি, তেঁইতে হে তোমারে সাধি
নারীর জনম কেবল যন্ত্রণা সহিতে।।'

কবি ও পর্যায়ের নাম উল্লেখ করো। কে, কার কাছে এই খেদ প্রকাশ করেছেন?

১+১+১+১

অথবা, (খ) 'সে বেশ লুকালে কোথা করালবদনী'?

পর্যায় ও কবির নাম উল্লেখ করো। অংশটির মধ্যে কবির যে মনোভাব প্রকাশিত তার পরিচয় দাও। ১+১+২

১১। নিম্নলিখিত মূল কপিটি দেখে প্রফকপিটি সংশোধন করো। মূলকপি ও সংশোধিত প্রফকপি অবশ্যই উত্তরপত্রের সঙ্গে সংযুক্ত করে দেবে। রোল এবং নম্বর লেখা অত্যাবশ্যিক। ৫

মূলকপি

বই পড়ার শখটা মানুষের সর্বশ্রেষ্ঠ শখ হলেও আমি কাউকে শখ হিসাবে বই পড়তে পরামর্শ দিতে চাইনে। প্রথমত, সেই পরামর্শ কেউই গ্রাহ্য করবেন না, কেননা আমরা জাত হিসেবে শৌখিন নই, দ্বিতীয়ত, অনেকে তা কুপরামর্শ মনে করবেন, কেননা আমাদের এখন ঠিক শখ করবার সময় নয়।

প্রফকপি

বই পড়ার শখটা মানুষের সবশ্রেষ্ঠ শখ হলেও আমি কাউকে শখ হিসাবে বই পড়তে পরামর্শ দিতে চাইনে। প্রথমত, সেই পরামর্শ কেউই গ্রাহ্য করবেননা, কেননা আমরা জাত হিসেবে শৌখিন নই, দ্বিতীয়ত, অনেক তা কু পরামর্শ মনে করবেন কেননা আমাদের এখন ঠিক

অথবা

(শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

নীচের বানানগুলি সংশোধন করো (যে-কোনো পাঁচটি) : ১×৫

অপরাহ, অগ্রহায়ন, ব্যাথা, প্রতিভী, ষোড়স, মধুসুধন, মনকামনা,

বিভিষীকা, শারিরীক, অমনযোগী।